দৈনিক খবর

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 20 APR 1989
পৃষ্ঠা 2 কলাম 7

011

# এইচএসসি পরীক্ষার সময়সূচী বদলানোর দাবীতে আজ বিক্ষোভ

।। স্টাফ রিপোর্টার ।।

উচ্চ মাধ্যমিক পরীক্ষা '৮৯-এর সময়সূচী পরিবর্তনের দাবীতে আজ ২০শে এপ্রিল উচ্চ মাধ্যমিক ছাত্র আন্দোলন পরিষদ বিক্ষোভ সমাবেশের আয়োজন করেছে। আজকের কর্মসূচীর মধ্যে রয়েছে সকাল ১০টায় ঢাকা কলেজ টেনিস কমপ্লেক্সে জমায়েত, সকাল ১১টায় বোর্ড অফিস ঘেরাও, অবস্থান ধর্মঘট এবং স্মারকলিপি পেশ। এরপর প্রেস ক্লাবের সামনে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হবে।

**কেন্দ্রীয় ছাসপ:** কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ নেতৃবৃন্দ এক যুক্ত বিবৃতিতে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ঘোষিত কর্মসূচী পরিবর্তনের দাবী জানিয়েছেন। বিবৃতিতে ১৩ দিনে ১২ বিষয়ের সময়সূচীকে অবাস্তব ও অযৌক্তিক চাপ সৃষ্টির অসৎ উদ্দেশ্য থেকে করা হয়েছে বলে মন্তব্য করা হয়। যুক্তিসঙ্গত সময়ের ব্যবধান দিয়ে অবিলম্বে নতুন সময়সূচী ঘোষণার দাবী জানানো হয়। ঘোষিত সময়সূচী বাতিলের দাবীতে আগামী ২২শে এপ্রিল ঢাকা, যশোর, রাজশাহী ও কুমিল্লা বোর্ডে ছাত্র সংগ্রাম পরিষদ বিক্ষোভ প্রদর্শন করবে।